তারিখ ২৩/৭/২০০০
পৃষ্ঠা ৭ কলাম ৬

# দৈনিক ইনকিলাব

39




*ইনকিলাব ঃ জেলা সদরে অবস্থিত ১৮টি মহিলা কলেজ জাতীয়করণের তারিখ থেকে শিক্ষক-কর্মচারীদের চাকরি আত্তীকরণের দাবীতে কলেজ জাতীয়করণ বাস্তবায়ন কমিটি গতকাল (রবিবার) রাজধানীতে বিক্ষোভ মিছিল বের করে। পরে তারা প্রধানমন্ত্রীকে একটি স্মারকলিপি প্রদান করেন*

প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি

## জাতীয়করণকৃত ১৮টি মহিলা কলেজের শিক্ষক-কর্মচারীদের আত্তীকরণের দাবী

**স্টাফ রিপোর্টার ঃ** জেলা সদরে ১৮টি মহিলা কলেজ জাতীয়করণের দাবীতে মহিলা কলেজ জাতীয়করণ বাস্তবায়ন কমিটি গতকাল প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্মারকলিপি প্রদান করেছে। স্মারকলিপি প্রদানের জন্য মহিলা কলেজ জাতীয়করণ বাস্তবায়ন কমিটির ঘোষিত কর্মসূচী অনুযায়ী ১৮টি মহিলা কলেজের শিক্ষক-শিক্ষিকারা গতকাল (শনিবার) সকাল ১০টায় জাতীয় প্রেস ক্লাবের সামনে সমবেত হয়। এখানে সংক্ষিপ্ত বক্তব্য শেষে শিক্ষক-শিক্ষিকারা প্রধানমন্ত্রীর নিকট স্মারকলিপি প্রদানের জন্য মিছিল নিয়ে পদযাত্রা শুরু করে। মিছিলটির নেতৃত্ব দেন কমিটির সভাপতি জনাব তাছাদ্দিক হোসেন ও মহাসচিব হাফিজুর রহমান। মিছিল বাংলা মোটরের নিকট পৌঁছলে পুলিশ মিছিলের গতিরোধ করলে মিছিলের শিক্ষক-শিক্ষিকাগণ অবস্থান গ্রহণ করেন। এ পর্যায়ে কর্মরত পুলিশ কর্মকর্তা প্রধানমন্ত্রীর নিকট স্মারকলিপি প্রদানের জন্য ৯ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধি দলকে প্রধানমন্ত্রীর দফতরে নিয়ে গেলে তারা স্মারকলিপি প্রদান করেন।

স্মারকলিপিতে অবিলম্বে ১৮টি কলেজের শিক্ষক-কর্মচারীদের আত্তীকরণ সম্পন্ন করার দাবী করা হয়েছে।